

মোবাইল :
অফিস :
ফ্যাক্স :

সচিবালয়
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(২য় খন্ড)/১০৬

তারিখঃ ১৩-১০-২০২০ খ্রিঃ


দপ্তরদেশ

“মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার সদর উপজেলাধীন রাজাপুর-ইলিশা ইউনিয়ন রক্ষার্থে তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।	আহ্বায়ক
২।	জনাব বিশ্বজিৎ বৈদ্য, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	আইডব্লিউএম, ঢাকা মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৫।	সিইজিআইএস, ঢাকা মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৬।	নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রকল্পটির আওতায় ক্ষতিগ্রস্ত তীর সংরক্ষণ শক্তিশালী করনসহ খাল Armouring সহ অন্যান্য প্রয়োজনীয় প্রতিরক্ষা কাজ বাস্তবায়নে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে সংশোধিত নকশা অনুযায়ী অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ প্রবাহের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক ডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের সংযোজন-বিস্তারনের ফলে ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরসনের সুপারিশমালা পেশ করবেন;
 - বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে বর্তমানে প্রস্তাবিত অঙ্গসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;
 - বর্ষিত স্থানসমূহ রসিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।
- কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
- জনাব বিশ্বজিৎ বৈদ্য, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
- জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা।
- নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
- নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
- ৩-৪। যুগ্ম-প্রধান/পরিচালক, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর/পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
- ভূত্বাধায়ক প্রকৌশলী, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
- সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮-৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১০। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।